# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩২৯

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ সাদাকাহ করার ক্ষেত্রে অন্যের উপর নিকটাত্নীয়দের অগ্রাধিকার দেওয়ার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ لِلْمُتَصَدِّقِ أَنْ يُؤْثِر بِصَدَقَتِهِ قَرَابَتَهُ دون غيرهم

আরবী

3329 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ أَخْبَرَنَا أحمد بن أبي بكر عن مالك عن إسحاق بن عبد الله بن أبي طلحة أَنَّهُ سَمِعَ أَنَسَ بْنَ مَالِكٍ يَقُولُ: كَانَ أَبُو طَلْحَةَ أَكْثَرَ أنصاريٌّ بِالْمَدِينَةَ مَالًا وَكَانَ أَحَبَّ أَمْوَالِهِ إِلَيْهِ بَيْرَحَاءُ وَكَانَتْ مُسْتَقْبِلَةَ الْمَسْجِدِ وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدْخُلُهَا وَيَشْرَبُ مِنْ مَاءٍ فِيهَا طَيِّبٍ
قَالَ أَنَسٌ فَلَمَّا نَزَلَتْ هَذِهِ الْآيَةُ {لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ} [آل عمران: 92] قَامَ أَبُو طَلْحَةَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم فقال: يارسول اللَّهِ إِنَّ اللَّهَ يَقُولُ فِي كِتَابِهِ: {لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ} [آل عمران: 92] وإن أحب مالي إِلَيَّ بَيْرَحَاءُ فَإِنَّهَا صَدَقَةٌ لِلَّهِ أَرْجُو بِرَّهَا وذُخْرَهَا عِنْدَ اللَّهِ فَضَعْهَا يَا رَسُولَ اللَّهِ! حَيْثُ شِئْتَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (بخٍ ذَاكَ مَالٌ رابحٌ بخٍ ذَاكَ مَالٌ رَابِحٌ وَقَدْ سَمِعْتُ مَا قُلْتَ فِيهَا وَإِنِّي أَرَى أَنْ تَجْعَلَهَا فِي الْأَقْرَبِينَ) فَقَالَ أَبُو طَلْحَةَ: أَفْعَلُ يَا رَسُولَ اللَّهِ فَقَسَمَهَا أَبُو طَلْحَةَ فِي أَقَارِبِهِ وَبَنِي عَمِّهِ.
الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3229 | خلاصة حكم المحدث: صحيح ـ ((أحاديث البيوع)).

বাংলা

৩৩২৯. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আবূ তালহা রাদ্বিয়াল্লাহু আনহু আনসারীদের মাঝে সবচেয়ে বেশি সম্পদশালী ছিলেন। আর তার কাছে সবচেয়ে পছন্দনীয় সম্পদ ছিল বাইরুহা নামক বাগান। এটা মাসজিদে নববীর সামনে ছিলো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই বাগানে প্রবেশ

করতেন এবং সেখানকার মিষ্টি পানি পান করতেন।”

আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “অতঃপর যখন এই আয়াত নাযিল হয়, لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ অর্থাৎ তোমরা কখনই পুণ্য অর্জন করতে পারবে না, যতক্ষন না তোমরা খরচ করো সেই সম্পদ থেকে যা তোমরা পছন্দ করো। (সূরা আলু ইমরান: ৯২), তখন আবূ তালহা রাদ্বিয়াল্লাহু আনহু দাঁড়িয়ে বলেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই আল্লাহ কুরআনে বলেছেন, لَنْ تَنَالُوا الْبِرَّ حَتَّى تُنْفِقُوا مِمَّا تُحِبُّونَ অর্থাৎ তোমরা কখনই পুণ্য অর্জন করতে পারবে না, যতক্ষন না তোমরা খরচ করো সেই সম্পদ থেকে যা তোমরা পছন্দ করো। (সূরা আলু ইমরান: ৯২), আর আমার কাছে সবচেয়ে প্রিয় সম্পদ হলো বাইরুহা বাগান। এটা আমি আল্লাহর জন্য দান করে দিলাম। আমি আল্লাহর কাছে এর সাওয়াব ও সঞ্চয় কামনা করি। হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি যেখানে ইচ্ছা এটা ব্যয় করুন।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “চমৎকার! এটা তো খুবই লাভজনক সম্পদ। চমৎকার! এটা তো খুবই লাভজনক সম্পদ। তুমি এই ব্যাপারে যা বললে, তা তো আমি শুনলাম। আর আমার মত হলো, তুমি এটাকে তোমার নিকটাত্নীয়ের মাঝে খরচ করবে।”

তখন আবূ তালহা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি তা-ই করবো।” তারপর আবূ তালহা রাদ্বিয়াল্লাহু আনহু তার নিকটাত্নীয় ও চাচাতো ভাইদের মাঝে বন্টন করে দেন।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৫৯৫-৫৯৬; মুসনাদ আহমাদ: ৩/১৪১;দারেমী: ২/৩৯০; সহীহুল বুখারী: ১৪৬১; সহীহ মুসলিম: ৯৯৮; নাসাঈর বরাতে তুহফাতুল আহওয়াযী: ১/৯০; সুনান বাইহাকী: ৬/১৬৪-১৬৫;বাগাবী: ১৬৮৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান:৩৩২৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92661

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন